

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০১৪

আগরতলা, ২ আগস্ট, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“আইজিএম হাসপাতালে সব বিভাগে পর্যাপ্ত চিকিৎসা পরিকাঠামো নেই,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২৮ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই বিষয়ে তদন্তের জন্য আইজিএম হাসপাতালের মেডিকেল সুপারিনটেনডেন্টের নির্দেশে চার সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। এই তদন্ত কমিটির প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, আইজিএম হাসপাতালের মেডিসিন বিভাগের অধীনস্থ বহির্বিভাগ, অন্তর্বিভাগ, এমআইসিইউ, সিডিসি এবং হৃদরোগ প্রতিরোধ ইউনিট-এ নিয়মিত পরিষেবা প্রদান করা হচ্ছে। এই হাসপাতালের অধীনস্থ বিভিন্ন বিভাগের বহির্বিভাগে রোগীর চাপ আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের সমমানের। যেহেতু আইজিএম হাসপাতালে সুপার স্পেশালিটি বিভাগ নেই, তাই প্রয়োজনে কিছু রোগীকে সুপার স্পেশালিটি পরিষেবা প্রদানের জন্য আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে রেফার করা হয়। এই হাসপাতালের সার্জারি, ইএনটি এবং অর্থোপেডিক বিভাগের রোগীদের একটি সম্মিলিত সার্জিকাল ওয়ার্ডে ভর্তি করা হয় এবং প্রতিটি বিভাগের জন্য নির্ধারিত সংখ্যক শয্যা বরাদ্দ থাকে। এই সম্মিলিত সার্জিকাল ওয়ার্ডে আটটি পোস্ট-অপারেটিভ শয্যা সহ মোট ৪৪টি শয্যার ব্যবস্থা রয়েছে এবং পুরুষ ও মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ডের ব্যবস্থাও রয়েছে। আইজিএম হাসপাতালের সার্জারি বিভাগে ভর্তি কার্যক্রম বহির্বিভাগ চলাকালীন সময়ে, অর্থাৎ সকাল ৯টা থেকে বিকেল ৪টা ৩০ মিনিট পর্যন্ত পরিচালিত হয়। এই সময়ের মধ্যে রোগীরা চিকিৎসা পরিষেবা গ্রহণ করতে পারেন। এরপর, এই সার্জারি বিভাগটির অন্তর্বিভাগের রোগীদের চিকিৎসা তিনজন বিশেষজ্ঞ চিকিৎসকের দ্বারা পরিচালিত হয়, এবং জরুরী বিভাগটি একজন বিশেষজ্ঞ চিকিৎসকের দ্বারা পরিচালিত হয়। আইজিএম হাসপাতালের সার্জারি বিভাগে গুরুতর ও জটিল রোগীদের উন্নত চিকিৎসার জন্য উচ্চতর স্বাস্থ্য প্রতিষ্ঠান কেন্দ্রে রেফার করা হয়। এদিকে, আইজিএম হাসপাতালের ইএনটি বিভাগের রোগীদেরও সম্মিলিত সার্জিকাল ওয়ার্ডে ভর্তি করা হয়। এই হাসপাতালের ইএনটি বিভাগে ছুটির দিন ও বহির্বিভাগ সময়সূচির বাইরে আসা রোগীদের বিভাগের মেডিকেল অফিসার কর্তৃক অন-কল ডিউটি রোস্টার অনুযায়ী চিকিৎসা প্রদান করা হয়। ভর্তি উপযোগী রোগীদের কখনোই তাদের ভর্তি থেকে বঞ্চিত করা হয় না। এছাড়াও, এই হাসপাতালের অর্থোপেডিক বিভাগের অধীন বহির্বিভাগ ও অন্তর্বিভাগটি দু’জন বিশেষজ্ঞ চিকিৎসক এবং একজন জুনিয়র রেসিডেন্টের মাধ্যমে সুষ্ঠুভাবে পরিষেবা প্রদান করা হচ্ছে।
